

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০০১.২০০১(অংশ-১)-৬৬৯

তারিখ : ২৫ অগ্রহায়ন ১৪২২
০৯ ডিসেম্বর, ২০১৫

বিষয় : পুঞ্জীভূত অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তি ও ব্রডশীট জবাব প্রেরণ।

সূত্র : এ বিভাগের অডিট অধিশাখার পত্র নং-৭২৪, তারিখ : ০৬/১২/২০১৫খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে এ বিভাগের অনুকূলে বিপুল সংখ্যক অডিট আপত্তি অনিষ্পন্ন আছে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর অডিট আপত্তি নিষ্পন্ন যথেষ্ট অবহেলা ও অনগ্রহণ রয়েছে এবং পাশাপাশি বিষয়টিকে গুরুত্বহীন মনে করা হচ্ছে। এ ক্ষেত্রে সংস্থা/প্রতিষ্ঠান/দপ্তর/অধিদপ্তরের স্বচ্ছতা ও জবাবদিহিতার অভাব পরিলক্ষিত হয় যা আদৌ কাম্য নয়। ফলশ্রুতিতে পুঞ্জীভূত এ বিপুল সংখ্যক আপত্তি একটি পর্যায়ে রিপোর্টভুক্ত হয়ে সিএন্ডএজি'র বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়।

২। অনাকাঙ্ক্ষিত এ অবস্থার নিরসন জরুরী। এ প্রেক্ষিতে আগামী ৩১/১২/২০১৫ তারিখের মধ্যে তাঁর প্রতিষ্ঠানের সৃষ্টিকাল হতে হালনাগাদ (৩০ জুন ২০১৫ পর্যন্ত) অনিষ্পন্ন সাধারণ অডিট আপত্তিসমূহের নিষ্পত্তিমূলক প্রমাণকসহ ব্রডশীট জবাব নিম্নবর্ণিত ছকে (ছক-খ) ৩১/১২/২০১৫ তারিখের মধ্যে সিএন্ডএজির সংশ্লিষ্ট অধিদপ্তরে জমা প্রদান ও তৎসহ সভা করে নিষ্পত্তি নিশ্চিত করতে হবে। সমুদয় আপত্তি নিষ্পত্তি হয়েছে মর্মে সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান হতে প্রত্যয়নপত্র সংগ্রহ করতে হবে। প্রত্যয়নপত্র পরবর্তীতে স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।

৩। অনিষ্পন্ন অগ্রিম অডিট আপত্তিসমূহের নিষ্পত্তিমূলক ব্রডশীট জবাব নিম্নবর্ণিত ছকে(ছক-ক) আগামী ৩১/১২/২০১৫ তারিখ পূর্বাঙ্কে বিশেষ বাহকযোগে স্থানীয় সরকার বিভাগে (ভবন নং-৬, কক্ষ নং-১৬১৫) প্রেরণ করতে হবে। ব্যর্থতায় ঐ সংস্থা/প্রতিষ্ঠান/দপ্তর/অধিদপ্তরের সকল ধরনের আর্থিক বরাদ্দ বন্ধ রাখা হবে।

৪। এছাড়া যাদের গাফিলতির কারণে এই আপত্তির উদ্ভব ঘটেছে তাদের বিরুদ্ধে-

(ক) সংশ্লিষ্ট স্থানীয় সরকার আইন অনুযায়ী দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে;

(খ) সংস্থার দায়ী কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হবে;

ছক (ক) অগ্রিম অনুচ্ছেদ :

ক্রমিক	আপত্তির সাল ও অনুচ্ছেদ নম্বর	অগ্রিম অনুচ্ছেদের শিরোনাম ও বিস্তারিত বিবরণ	সংশ্লিষ্ট সংস্থার জবাব	উর্দ্ধতন কর্তৃপক্ষের সুপারিশ	ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত
০১	০২	০৩	০৪	০৫	০৬

ছক (খ) সাধারণ অনুচ্ছেদ :

ক্রমিক	আপত্তির সাল ও অনুচ্ছেদ নম্বর	সাধারণ অনুচ্ছেদের শিরোনাম ও বিস্তারিত বিবরণ	সংস্থার জবাব	অডিট অফিসের মন্তব্য
০১	০২	০৩	০৪	০৫

এমতাবস্থায়, তাঁর প্রতিষ্ঠানের পুঞ্জীভূত অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে উপরে বর্ণিত নির্দেশনা অনুসরণ পূর্বক ছক মোতাবেক জবাব/প্রতিবেদন আগামী ৩১/১২/২০১৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরী।

(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৮৬৬০৫

বিতরণ :


১. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট(এনআইএলজি), আগারগাঁও, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প, কেন্দ্রীয় পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৩. উপ-প্রকল্প পরিচালক, দ্বিতীয় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট(এলজিএসপি-২) ৯০/১ মতিঝিল বা/এ, ঢাকা।
৪. প্রকল্প ব্যবস্থাপক, ইউনিয়ন পরিষদ গভর্ন্যান্স প্রজেক্ট(ইউপিজিপি), বিয়াম ভবন, ঢাকা।
৫. প্রকল্প ব্যবস্থাপক, অ্যাকাউন্টিং ভিলেজ কোর্টস ইন বাংলাদেশ প্রজেক্ট, বনানী, ঢাকা।

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০০১.২০০১(অংশ-১)-৬৬৯

তারিখ : ২৫ অগ্রহায়ন ১৪২২
০৯ ডিসেম্বর, ২০১৫

অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব